**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 29-08-2026**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Assembly Finance Minister :**

সরকারী চাকুরী নিয়মিত প্রক্রিয়া। রাজ্য সরকার নিয়ম-নীতি বজায় রেখে ও স্বচ্ছতার সঙ্গে চাকরীতে নিয়োগ করে চলেছে ।গতকাল বিধানসভায় বেসরকারী এক প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে অর্থমন্ত্রী প্রণজিত সিংহ রায় একথা বলেন। তিনি জানান, গত পাঁচ বছরে নিয়মিত ও অন্যান্য ক্ষেত্রে মোট ২২ হাজার ৩৬৫ জনের চাকুরী হয়েছে। গত তিন বছরে পদ সৃষ্টি করা হয়েছে ১২ হাজার ১০৭ টি। কন্ট্রাক্টচুয়াল ও আউট সোর্সিং মিলিয়ে আরও ২৬ হাজার ২২৮ জনের চাকুরী হয়েছে। এছাড়া আরও ১৩ হাজার ৩৩৮ টি পদে চাকরীর প্রক্রিয়া চালু রয়েছে বলে অর্থমন্ত্রী জানান|

***************************

**Assembly :**

সদ্য সমাপ্ত কমনওয়েলথ গেমসে ত্রিপুরার মেয়ে অস্মিতা দে জুডোয় স্বর্ণপদক পাওয়ায় গতকাল বিধানসভায় অস্মিতা দে-কে অভিনন্দন জানানো হয়েছে। বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া অভিনন্দন বার্তাটি পড়ে শোনান এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অভিনন্দন বার্তায় বলা হয়েছে, অস্মিতার এই সাফল্য দেশের খেলাধুলার ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। তার এই

অসাধারণ সাফল্যে আন্তর্জাতিক ক্রীড়াক্ষেত্রে দেশের নাম উজ্জ্বল হয়েছে। অভিনন্দন বার্তায় অস্মিতার উজ্জ্বল ভবিষ্যৎ এবং সুস্বাস্থ্য কামনা করা হয়।

*********************

**Private University bill:**

ত্রিপুরায় আরও একটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের জন্য বিধানসভা অধিবেশনে বিল উত্থাপন করা হয়। গতকাল বিধানসভার অধিবেশনে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন Sri Sri University, Tripura Bill পেশ করেন। শ্রী শ্রী রবিশংকর বিদ্যামন্দির ট্রাস্ট এই বিশ্ববিদ্যালয় গড়তে চায়। উল্লেখ্য, রাজ্যে ইতিমধ্যেই ৫টি বেসরকারী বিশ্ববিদ্যালয় রয়েছে।

*************************

**PRESIDENT -TRIPURA STUDENTS :**

রাখীবন্ধন উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে রাষ্ট্রপতি ভবনে বিশেষভাবে রাখীবন্ধন উদযাপন করল ত্রিপুরার চার ছাত্রছাত্রী। পশ্চিম ত্রিপুরার নেতাজি নগর ইংলিশ মিডিয়াম এসবি স্কুলের পঞ্চম ও ষষ্ঠ শ্রেণির পড়ুয়া মেহেরেসিয়া সরকার, অমিত কুমার সরকার, রিকে দেব ও প্রতীক সরকার রাষ্ট্রপতির হাতে রাখি পরিয়ে শুভেচ্ছা জানায়। রাষ্ট্রপতিও মেহেরেসিয়ার হাতে রাখি পরিয়ে দেন। ছাত্রছাত্রীরা রাষ্ট্রপতিকে বাঁশের তৈরি মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরের প্রতিকৃতি, হাতে তৈরি রাখি ও শুভেচ্ছা কার্ড, ঐতিহ্যবাহী রিশা এবং রাষ্ট্রপতির পেন্সিল স্কেচ উপহার দেয়। রাষ্ট্রপতি তাদের সঙ্গে ত্রিপুরার সংস্কৃতি ও ঐতিহ্য নিয়ে কথা বলেন এবং তাদের গান শোনেন। পরে রাষ্ট্রপতি ভবনের আধিকারিকরা ছাত্রছাত্রী ও শিক্ষকদের ঐতিহাসিক ভবনের বিভিন্ন গুরুত্বপূর্ণ

স্থান ঘুরিয়ে দেখান। এই বিশেষ সাক্ষাৎ ত্রিপুরার সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরার পাশাপাশি ছাত্রছাত্রীদের জন্য স্মরণীয় অভিজ্ঞতা হয়ে ওঠে।

*************************

**PM-Uzbekistan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ উজবেকিস্তান সফরযাচ্ছেন। দু'দিনের সফরে তিনি উজবেকিস্তানের রাষ্ট্রপতির সঙ্গে দ্বিপাক্ষিক কৌশলগত অংশীদারিত্ব আরও শক্তিশালী করার বিষয়ে আলোচনা করবেন।

********************

**SIR :**

পশ্চিম ত্রিপুরার জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক ডাক্তার বিশাল কুমার গতকাল এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, সারা রাজ্যের সঙ্গে পশ্চিম জেলাতেও আগামী পাঁচই সেপ্টেম্বর থেকে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন অর্থাৎ এস আই আর শুরু হবে। তা চলবে আগামী ১৪ অক্টোবর পর্যন্ত। খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে একুশে অক্টোবর। আগামী ২৩ ডিসেম্বর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে।

এদিকে ভোটার তালিকার S.I.R-এর প্রস্তুতি নিয়ে গতকাল খোয়াই এস.ডি.এম অফিসে অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তীর পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়| বৈঠকে মহকুমার তিনটি বিধানসভা কেন্দ্রের সমস্ত বি.ডি.ও এবং ই.আর.ও-গণ উপস্থিত ছিলেন|

এস.আই.আর নিয়ে তেলিয়ামুড়ায় চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে গতকাল একটি ওরিয়েন্টেশন কর্মসূচি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার অন্তর্গত ১৮২ জন বি.এল.ও এবং ১৭৭ জন বি.এল.এ।

*****************

**Sushanta Chowdhury :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, আগরতলা এমবিবি বিমানবন্দরের পাশাপাশি বাধারঘাট ও যোগেন্দ্রনগর রেল ষ্টেশনে আগামী ৩ সেপ্টেম্বর অ্যাপ ভিত্তিক ক্যাব উবের পরিষেবা চালু হবে। গতকাল সন্ধ্যায় সচিবালয়ে পরিবহন মন্ত্রী এই পরিষেবা চালু নিয়ে উচ্চ পর্যায়ের বৈঠকের পর এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন। মন্ত্রী জানান,  আধুনিক, নিরাপদ ও উন্নত পরিবহণ পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে ত্রিপুরা এগিয়ে চলেছে।

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ৩০শে আগস্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সঙ্গে মতবিনিময় করবেন৷ এটি হতে চলেছে ‘মন-কি-বাত’–এর ১৩৭তম পর্ব৷

****************

**A Division Football :**

চন্দ্র মেমোরিয়াল এ ডিভিশন ফুটবল লিগের প্রথম খেলায় গতকাল সন্ধ্যায় টাউন ক্লাবকে চার–এক গোলে পরাজিত করেছে ব্লাড মাউথ ক্লাব। উমাকান্ত স্টেডিয়ামে আয়োজিত খেলায় ব্লাড মাউথের পক্ষে পারভেজ ভুঁইয়া হ্যাট্রিক করেন। দলের পক্ষে অন্য গোলটি করেন কাউচাং জমাতিয়া। অন্যদিকে টাউন ক্লাবের পক্ষে একমাত্র গোলটি করেন রনাল্ড সিং।

*****************************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে৷রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাত ৭.৫ মিলিমিটার৷

***************

******************